অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ইরি কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেটে থ্রুওয়েতে 66.4 মিলিয়ন মার্কিন ডলারের কাঠামোগত উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায় বাস্তবায়ন শুরু করার ঘোষণা করেছেন

প্রজেক্টের সময়কালে ল্যাকাওয়ানা টোল ব্যারিয়ারের কাছাকাছি I-90-র সেকশনে চালকরা নতুন ট্র্যাফিক প্যাটার্ন অভিজ্ঞতা করবেন

কাজ 2019 সালের সম্পূর্ণ হবে বলে প্রত্যাশিত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 54 তম (ওয়েস্ট সেনেকা-পূর্ব অরোরা-নিউ ইয়র্ক রুট 400 ও 16) এবং ল্যাকওয়ানা টোল ব্যারিইয়ার্স নির্ধারিত সময়ের মধ্যে ইরি কাউন্টিতে থ্রুওয়ে (I-90)-তে 66.4 মিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায় শুরু করার কথা ঘোষণা করেছেন এই সপ্তাহে, যদি আবহাওয়া অনুকূল হয়। প্রকল্পটির মেয়াদকালে চালকরা ল্যাকওয়ানা টোল ব্যারিয়ারের কাছাকাছি I-90-র সেকশনে একটি নতুন ট্র্যাফিক প্যাটার্ন অভিজ্ঞতা করবেন, এবং 2019 সালের বসন্তের মধ্যে কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা হয়।

"যখন আমরা পশ্চিম নিউ ইয়র্কের এই গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পগুলিতে বিনিয়োগ করি, তখন প্রত্যেকেই উপকৃত হয়", **গভর্নর কুওমো বলেছেন।** "একটি আধুনিক, আপগ্রেড করা পরিবহন সিস্টেমের প্রভাব পর্যটন শিল্প এবং অর্থনীতিতে ছড়িয়ে পড়ে, যা অঞ্চলের প্রত্যেকের জীবনের গুণমান বাড়িয়ে দেয়।"

"আমরা পরিবহন ব্যবস্থা উন্নত করার জন্য সারা দেশে জুড়ে পরিকাঠামো প্রকল্পে বিনিয়োগ করছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বসন্তে কাজ সম্পূর্ণ হলে, ইরি কাউন্টির থ্রুওয়েতে করা উন্নতিগুলি এই এলাকার সড়ক ও সেতুগুলি আপগ্রেড করবে এবং পশ্চিম নিউ ইয়র্কের অর্থনীতি উন্নত করা অবিরত রাখবে।"

2018 সালের এপ্রিল মাসে শুরু হওয়া এই দুই বছরের প্রকল্পটিতে সড়ক পুণঃনির্মাণ, চারটি থ্রুওয়ে সেতুর পুনর্বাসন এবং I-90-র উপর একটি থ্রুওয়ে সেতু প্রতিস্থাপন অন্তর্ভুক্ত। প্রকল্পের পর্যায় এক গত নভেম্বরে শেষ হয়।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "নির্মাণের ঋতু পুনরায় শুরু হওয়ায় পশ্চিম নিউ ইয়র্কের এই গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পের কাজও শুরু হয়। যখন সম্পূর্ণ হবে, এই প্রকল্পটি থ্রুওয়ের এই বহু চলিত অংশটির চলনক্ষমতা ও নিরাপত্তা উন্নত করবে, প্রতিদিন হাজার হাজার মোটর চালকদের যাতায়াত সুগম করবে।"

I-90-তে এক্সিট 54 (ওয়েস্ট সেনেকা-পূর্ব অরোরা - নিউ ইয়র্ক রুট 400 ও 16) এবং ল্যাকওয়ানা টোল ব্যারিয়ারের মধ্যে নির্মাণ চলাকালীন নতুন ট্র্যাফিক প্যাটার্ন কার্যকর হবে। সমস্ত ট্র্যাফিক I-90-র পশ্চিম দিকে স্থানান্তরিত করা হবে যখন পূর্বমুখী I-90-তে

রাস্তা ও সেতুর কাজ সম্পাদন করা হবে। এই ট্র্যাফিক প্যাটার্ন প্রকল্পটির সময়কালের জন্য কার্যকর থাকবে, যা এই বসন্তে সম্পূর্ণ হবে বলে নির্ধারিত।

প্রকল্পটির দ্বিতীয় পর্যায় চলাকালীন, কংক্রিট পুনর্গঠন, অ্যাসফল্ট পূর্ণ গভীরতার মেরামত এবং মিলের একটি অংশ ভরাট করার এক সমন্বয় সহ কর্মীরা I-90-র পূর্বমুখী লেনগুলি আবার বাঁধাই করবে। কর্মীরা রিজ রোড এক্সিট এবং ল্যাকাওয়ানা টোল ব্যারিয়ারের মধ্যে এক মাইলের কংক্রিটের কাজও করবে, আর তার সাথে রিজ রোড ওভারপাসের নিচে পূর্ণ গভীরতার অ্যাসফল্ট যোগ করবে। রিজ রোড থেকে নিউ ইয়র্ক রুট 400 পর্যন্ত অবশিষ্ট অংশটি একটি নতুন মিল এবং বাঁধানো অ্যাসফল্ট ড্রাইভিং পৃষ্ঠতল পাবে। অসংখ্য নিরাপত্তার আপগ্রেডের পরিকল্পনাও আছে যার মধ্যে রয়েছে নতুন ওভারহেড সাইন, নতুন গাইডরেইল এবং কাঁধ সম্প্রসারণ, আর তার সাথে নিরাপত্তা বাড়ানোর জন্য অতিরিক্ত পেভমেন্ট চিহ্ন নিরাপত্তা বর্ধন করার জন্য।

তা ছাড়াও, কর্মীরা পাঁচটি থ্রুওয়ে সেতুর পুনর্বাসন বা প্রতিস্থাপন সম্পূর্ণ করবে যার মধ্যে রয়েছে:

- সেনেকা স্ট্রিট (মাইলপোস্ট 428.37)
- কাজেনোভিয়া ক্রিক (মাইলপোস্ট 428.56)
- পটার্স রোড (মাইলপোস্ট 428.84)
- স্মোক্স ক্রিক (মাইলপোস্ট 429.78)
- নরফোক সাদার্ন রেলরোড সেতু (মাইলপস্ট 430.05) প্রতিস্থাপিত হবে।

ট্র্যাফিক তথ্য বৈচিত্রময় ম্যাসেজ চিহ্নতে প্রদর্শিত হবে।

সিনেটর প্যাট্রিক এম. গ্যালিভান বলেন, "আমাদের সড়ক ও সেতু নির্মাণ ও বজায় রাখা কেবল জনসাধারণের নিরাপত্তার বিষয় নয়, ব্যবসা এবং অর্থনৈতিক উন্নয়নের উপর এক সরাসরি প্রভাব আছে। আমরা সবাই আমাদের হাইওয়ে সিস্টেমের উপর নির্ভর করি কাজ, স্কুল এবং অন্যান্য গন্তব্যস্থলে যেতে এবং আমরা আশা করি যে আমাদের পরিকাঠামো নিরাপদ হবে। এই উন্নতিগুলি এখানে এবং সারা দেশের ব্যবসাগুলিকে সহায়তা প্রদান করবে এবং প্রতিদিন থ্রুওয়ে ব্যবহার করে যে হাজার হাজার মোটর চালক তাদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করবে।"

সিনেটর টিম কেনেডি বলেন, "নির্মাণের ঋতু শুরু হওয়ার সাথে সাথে, আমি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) অব্যাহত বিনিয়োগ দেখে আনন্দিত। যখন এই প্রকল্পটি সম্পূর্ণ হবে থ্রুওয়ে এবং তার সাথে বহনকারী সেতুগুলি গাড়ির চালকদের জন্য নিরাপদ হবে এবং পশ্চিম নিউ ইয়র্কের কঠিন আবহাওয়ার সাথে জুঝবার মত টেকসই হবে। আমি চালকদের অনুরোধ করছি তাদের আশেপাশের পরিবেশ সম্পর্কে সচেতন থাকতে এবং নির্মাণ অঞ্চলগুলির মধ্য দিয়ে যাবার সময় তাদের গতি কমিয়ে দেবার জন্য অনুরোধ করি - কোনও অ্যাপয়েন্টমেন্ট জীবন বিপন্ন করার যোগ্য নয়।"

সংসদ সদস্য প্যাট বার্ক বলেন, "আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পের পর্যায় 2 শুরু হতে দেখে আনন্দিত। নিউ ইয়র্ক যদি এই দেশের অর্থনৈতিক নেতা থাকতে চায়, আমাদের অবশ্যই আমাদের পরিকাঠামো নিরাপদ এবং নির্ভরযোগ্য তা নিশ্চিত করতে হবে। যদিও এটি যাত্রীদের জন্য একটি অস্থায়ী অসুবিধার কারণ হতে পারে, এর ফলাফল এই অসুবিধার খেসারৎ ভালভাবে দেবে।"

ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন, "এই প্রয়োজনীয় পরিকাঠামোর উন্নতিগুলি গত বছরের শুরু করা একটি থ্রুওয়ে প্রজেক্ট সমাপ্ত করবে যা ল্যাকাওয়ানা টোল ব্যারিয়ারের কাছাকাছি অংশটি উন্নত করবে। চারটি সেতু পুনর্বাসন করা হয়েছে, একটি প্রতিস্থাপিত করা হয়েছে, এবং সড়কটি গাড়ির চালকদের আরো ভাল, নিরাপদ চলাচলের ব্যবস্থা প্রদান করার জন্য পুনর্গঠিত করা হয়েছিল। প্রকৃতি এরি কাউন্টিতে সড়কগুলির উপর গুরুতর প্রভাব ফেলে এবং এই বহু চলিত সড়কগুলিতে এই 66.4 মিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো বিনিয়োগের প্রশংসা তারা প্রত্যেকে করেন যারা এটি ব্যবহার করেন।"

প্রকৃত সময়ের ভ্রমণের তথ্যের জন্য, মোটরচালকদের থ্রুওয়ে মোবাইল অ্যাপটি ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হয় যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসগুলিতে উপলব্ধ। যাত্রীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ ট্র্যাভেলার মানচিত্রটিও দেখতে পারেন।

এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন